ভোরের কাগজ

তারিখ ... JUN 5 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

### রা.বি.র ২১০ জন শিক্ষকের বিবৃতি

# রাজশাহী সরকারি কলেজে অচলাবস্থা নিরসনে সরকারি হস্তক্ষেপ কামনা

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২১০ জন শিক্ষক গত বুধবার এক যুক্ত বিবৃতিতে রাজশাহী সরকারি কলেজের বর্তমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। বিবৃতিতে শিক্ষকবৃন্দ বলেন, মেধাভিত্তিক ভর্তির বিরোধিতাকারী কিছু ছাত্র নামধারী সন্ত্রাসী দীর্ঘদিন ধরে ঐতিহ্যবাহী রাজশাহী সরকারি কলেজ অচল করে রেখেছে। কোটার ভিত্তিতে তারা দলীয় অনুপোযুক্ত ছাত্র ভর্তির দাবি করে কলেজের এক বছরের ভর্তির প্রক্রিয়া এবং শিক্ষক কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে রেখেছে।

আইন ভঙ্গ করে বল প্রয়োগের মাধ্যমে ভর্তি সমর্থন করা যায় না। বিবৃতিতে শিক্ষকবৃন্দ বলেন, আমরা অনেকেই রাজশাহী কলেজের প্রাক্তন ছাত্র। সন্ত্রাসীরা বারবার হামলা চালিয়ে অধ্যক্ষ ও শিক্ষক লাউঞ্জ ভাঙচুর করে তাদের শুধু অপমানই করেনি তাঁদের শারীরিকভাবেও লাঞ্ছিত করেছে। এ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে তারা সন্ত্রাসীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। বিবৃতিতে আরো বলা হয়, রাজশাহী কলেজ একটি সরকারি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার দায়িত্ব সরকার অস্বীকার করতে পারেন না। বিবৃতিতে অবিলম্বে এ ব্যাপারে সরকারের হস্তক্ষেপ কামনা করা হয়।

বিবৃতিদাতা শিক্ষকরা হচ্ছেন শহিদুল ইসলাম, হাসান আজিজুল হক, সনৎ কুমার সাহা, জুলফিকার মতিন, সৈয়দ শামসুদ্দীন আহমেদ চৌধুরী সারোয়ার, জাহান, আবুল কাশেম, সারোয়ার জাহান, মোহাম্মদ নূরুল্লাহ প্রমুখ।